

advertisement

প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতিকে হতে হবে – ফোটক পাস

নিজস্ব প্রতিবেদক

১২ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১২ নভেম্বর ২০১৯ ০২:০৮



আমাদের শোময়

প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতিকে ন্যূনতম – ফোটক ডিপ্রিধারী হতে হবে। এই শর্ত রেখে সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি গঠনে নতুন প্রজ্ঞাপন জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল সোমবার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এ প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, প্রাথমিক বিদ্যালয়ে ১১ সদস্যের কমিটির মধ্যে

প্রধান শিক্ষক ও শিক্ষক প্রতিনিধি ছাড়া অন্য সদস্যদের থেকে একজন সভাপতি এবং আরেকজন সহসভাপতি নির্বাচিত হবেন। পদাধিকার বলে প্রধান/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্য থেকে মনোনীত একজন বিদ্যোৎসাহী নারী সদস্য মনোনীত হবেন। তবে তাকে ন্যূনতম এসএসসি পাস হতে হবে। বিদ্যোৎসাহী সদস্য পুরুষ অভিভাবককেও ন্যূনতম এসএসসি পাস হতে হবে। কমিটিতে বিদ্যালয়ের একজন জমিদাতা/জমিদাতার উত্তরাধিকারী সদস্য (যদি থাকে) থাকবেন। একই উপজেলার সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের কাছাকাছি যে কোনো সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক/শিক্ষিকা সদস্য হবেন। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের মধ্য থেকে নির্বাচিত একজন শিক্ষক হবেন প্রতিনিধি সদস্য। অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্য থেকে নির্বাচিত দুজন নারী অভিভাবকও সদস্য হবেন। একইভাবে দুজন পুরুষ অভিভাবকও সদস্য থাকবেন।

পদাধিকার বলে ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/পৌর এলাকার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/সিটি করপোরেশনের কাউন্সিলর সদস্য হবেন। একই ব্যক্তি দুবারের বেশি সভাপতি পদে নির্বাচন করতে পারবেন না। কমিটির মেয়াদ হবে তিনি বছর। তবে মেয়াদ শেষ হওয়ার ৬ মাস আগে পরবর্তী কমিটি নির্বাচনের লক্ষ্যে প্রধান শিক্ষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রজ্ঞাপন কার্যকর হওয়া সত্ত্বেও ইতিপূর্বের কমিটি নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত বহাল থাকবে।

advertisement